

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সওজ নন-গেজেটেড শাখা
www.rthd.gov.bd

নম্বর: ৩৫.০০.০০০০.০৩০.১১.০০২.২০-০১

তারিখ: ০১-০১-২০২৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৮-০২-২০২২ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৪৮২.২০২১-৩৬ নম্বর পত্রে সুপারিশকৃত নিম্নবর্ণিত ০৮ (আট) জন প্রার্থীকে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের 'উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)' (১০ম গ্রেড) পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	প্রার্থীর নাম ও পিতার নাম	মেধাক্রম	ঠিকানা
১	জনাব মোঃ ইমরুল ইসলাম পিতা: মোঃ ইলিয়াস উদ্দীন	১৫	গ্রাম: চন্ডিপুর, ডাকঘর: সত্রাজিতপুর, উপজেলা: শিবগঞ্জ, জেলা: চাঁপাইনবাবগঞ্জ
২	জনাব মোঃ মাহমুদুল হাসান পিতা: মোঃ শামসুল হক	২১	গ্রাম: মৌজা শাখাতী, ডাকঘর: চামটাহাট, থানা/উপজেলা: কালীগঞ্জ, জেলা: লালমনিরহাট
৩	জনাব মোঃ হাসান পিতা: মোকতার হোসেন	২৩	গ্রাম: দক্ষিণ বাগমারা, ডাকঘর: কোটবাড়ি-৩৫০৩, উপজেলা: কুমিল্লা সদর দক্ষিণ, জেলা: কুমিল্লা
৪	জনাব মোঃ ইমাম হসাইন পিতা: মোঃ আতিয়ার রহমান বিশ্বাস	৫১	গ্রাম: জয়রামপুর, ইউনিয়ন: জামদিয়া, ডাকঘর: বসুন্দিয়া-৭৪০৬, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর
৫	জনাব মোঃ সজীবুর রহমান পিতা: মোঃ জাহাঙ্গীর আলম	৬০	গ্রাম: দশটিকা দক্ষিণপাড়া, ডাকঘর: নুনগোলা, উপজেলা: বগুড়া সদর, জেলা: বগুড়া
৬	জনাব মোঃ হাদিউজ্জামান পিতা: মোঃ আব্দুল লতিফ	৬৭	গ্রাম: শহীদ নূর মোহাম্মদ সড়ক, নীলগঞ্জ সাহাপাড়া, ডাকঘর ও থানা: যশোর সদর, জেলা: যশোর
৭	জনাব আবু হানিফ পিতা: মোঃ ইব্রাহিম	৭১	গ্রাম: রঘুপুর, ডাকঘর: রাজাপাড়া, কুমিল্লা সদর, কুমিল্লা
৮	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন পিতা: মোঃ মোফাজ্জল হোসেন	৭৮	গ্রাম: ভালাইন, ডাকঘর: দরিয়াপুর-৬৫৩০, উপজেলা: মহাদেবপুর, জেলা: নওগাঁ

শর্তাবলী

(ক) প্রার্থীকে ২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকাল সন্তোষজনক সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরিতে স্থায়ীকরণের জন্য বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে যদি কাউকে চাকুরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হয়, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সাথে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকুরি হতে অব্যাহতি দেয়া যাবে।

(খ) চাকুরিতে যোগদান করার পর তাকে কোন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০ টাকা মূল্যের স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি কেহ শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ৩(তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন তবে তিনি উক্ত সময়ের মধ্যে প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।

(গ) যদি কেহ তার ইস্তফাপত্র নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (খ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (খ) অনুযায়ী তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।



অপর পৃষ্ঠা দৃষ্টব্য

(ঘ) তার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে।

(ঙ) সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে।

(চ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২। যদি উপরের শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ১৫-০১-২০২৩ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর নিকট যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানপত্র দাখিল না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার ক্ষেত্রে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মোহাম্মদ শের মাহবুব মুরাদ)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫২৪৮

নম্বর: ৩৫.০০.০০০০.০৩০.১১.০০২.২০-০১/১(১৮)

তারিখ: ০১-০১-২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (তারিখ ০৮-০২-২০২২ তারিখের ৩৬ নম্বর পত্রের সুপারিশের প্রেক্ষিতে)
- ৪। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ✓ ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১। জনাব

(মোহাম্মদ শের মাহবুব মুরাদ)
উপসচিব